জনতা ব্যাংক লিমিটেড
উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

সুত্র ঃ- পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল কর্মচারীদের শীতকালীন পোষাক/১৯ তারিখঃ ০৫.০২.২০১৯

সকল মহাব্যবস্হাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয় সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
স্টাফ কলেজ এবং রিজিওনাল স্টাফ কলেজসমূহ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী ।

বিষয় ঃ ২০১৮-২০১৯ সালে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০১৯ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের শীতকালীন পোষাকের মূল্য নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী পুনঃভরণ পদ্ধতিতে প্রদান করা যাবে ঃ

(ক) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী (পুরুষ):

ক্রমিক নং	কাপড়ের বর্ননা	প্রতিজন কর্মচারীর জন্য কাপড়ের পরিমান	মোট মূল্য (টাকা) (সেলাই ও মজুরী সহ)
১।	একরিলিক/সিনথেটিক	২.৫২ মিটার	৩,৯০০.০০
২।	সেলাই মজুরী	১ সেট কমপ্লিট স্যুট তৈরীর জন্য	

প্রতিজন স্থায়ী নন-ক্লারিক্যাল পুরুষ কর্মচারী শীতকালীন পোষাকের মূল্য বাবদ প্রাপ্য =৩,৯০০/- (তিন হাজার নয়শত) টাকা ।

(খ) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী (মহিলা):

ক্রমিক নং	পোষাকের বর্ননা	প্রতিজন কর্মচারীর জন্য কাপড়ের পরিমান	মোট মূল্য(টাকা) (সেলাই ও মজুরী সহ)
১।	শাড়ী (সুতী)	১(এক) টি	৪,৮০০.০০
২।	পেটিকোট (সুতী রেডিমেড)	১(এক) টি	
৩।	ব্লাউজ (সুতী রেডিমেড)	১(এক) টি	
৪।	কার্ডিগান তৈরীর কাপড় (একরিলিক/সিনথেটিক)	২ মিটার	
৫।	কার্ডিগান সেলাই মজুরী	১ সেট	

প্রতিজন স্থায়ী নন-ক্লারিক্যাল মহিলা কর্মচারী শীতকালীন পোষাকের মূল্য বাবদ প্রাপ্য =৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা ।

নিয়মাবলী/শর্তাবলী ঃ-

১। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্লারিক্যাল কর্মচারীর ২.৫২ মিটার একরিলিক/সিনথেটিক নেভী-ব্লু কাপড়/খাকী কাপড় সুপ্রতিষ্ঠিত কোন দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জির দ্বারা পোষাক সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাই মজুরী বাবদ ১/২টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় দাখিল করা সাপেক্ষে পুনঃভরন পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন ।

...চলমান পাতা-০২

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ৪৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা (৫ম তলা), ঢাকা-১০০০, বাংলাদেশ। ফোন ঃ ৯৫৬৭৪০২, ৯৫৫৩৩৩৫, ৯৫৫৮২৪০
পিএবিএক্স ঃ ৯৫৬৫০০৩, ৯৫৬৬০৯৪, ৯৫৬৬০৮৯, ৯৫৬০২১৯, ৯৫৬৪৩৭৫ পোষ্ট বক্স ঃ ৪৬৮ ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪, SWIFT: JANBBDDH. Website: www.jb.com.bd

সূত্র ঃ- পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল কর্মচারীদের শীতকালীন পোষাক/১৯ তারিখঃ ০৫.০২.২০১৯

বিষয় ঃ ২০১৮-২০১৯ সালে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

২। প্রত্যেক মহিলা স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী ১টি করে শাড়ী, পেটিকোট, ব্লাউজ এবং ২(দুই) মিটার একরিলিক/সিনথেটিক নেভী-ব্লু কাপড় সু-প্রতিষ্ঠিত কোন দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জির দ্বারা কার্ডিগান সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাইয়ের মজুরী বাবদ পৃথক ২(দুই)টি/৩(তিন)টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় দাখিল করা সাপেক্ষে পুনঃভরন পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।

৩। ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রত্যেক স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীকে প্রতি ২(দুই) বৎসরের জন্য (১ বৎসর পর পর) শীতকালীন পোষাকের মূল্য পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ করা হয়। সুতরাং গত ২০১৮ সালে যে সকল কর্মচারী শীতকালীন পোষাকের মূল্য গ্রহণ করেছেন তারা ২০১৯ সালে উক্ত পোষাকের মূল্য পাবেন না।

৪। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখ ১০-০১-১৯৯৭ ইং এর নির্দেশনা অনুযায়ী নিয়মিত নিয়োগের পর যাদের চাকুরীর মেয়াদ ন্যূনতম ৬(ছয়) মাস অতিক্রান্ত হয়েছে এবং যাদের চাকুরীর রেকর্ডস সন্তোষজনক তারা এ সুবিধা পাবেন।

৫। পিআরএল ভোগরত নন-ক্লারিক্যাল কর্মচারীগন শীতকালীন পোষাক (ইউনিফরম) পাওয়ার যোগ্য হবে না।

৬। প্রত্যেক কর্মচারী কর্তৃক পোষাকের কাপড় ক্রয় ও পোষাক সেলাই কার্য সম্পন্ন করায় সরকারী বিধিমালা অনুযায়ী কাপড়ের মুল্য ও সেলাই মজুরী প্রদানকালে ৫% হারে (অর্থাৎ পুরুষ কর্মচারীদের নিকট হতে সর্বমোট ১৮৬/- টাকা ও মহিলা কর্মচারীদের নিকট হতে ২২৮/-টাকা) ভ্যাট কর্তন পুর্বক কর্তনকৃত ভ্যাট একীভুত আকারে বিভাগীয়/এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যুর মাধ্যমে আগামী ১(এক) মাসের মধ্যে **একাউন্টস ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়ের** বরাবরে পত্রের মাধ্যমে প্রেরন করতে হবে।

৭। প্রধান কার্যালয়ে কর্মরত সকল স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাক সেলাইয়ের বিল/ভাউচার এর পিছনে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক (পিএ নম্বর/সীলসহ) কাপড় ক্রয় ও সেলাইয়ের বিষয়ে নিশ্চিত হয়ে কর্মচারীর সহি সত্যায়িত করে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট (পিডি) তে পরিশোধের জন্য প্রেরন করতে হবে।

৮। কর্মচারীগন যাতে যথাযথ ইউনিফরম পরিধান করে প্রতিদিন অফিসে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে পরামর্শ দেয়া যাচ্ছে। পোষাকের মূল্য পরিশোধের পর সকল কর্মচারীদের নামের তালিকা (পদবীসহ) আগামী ১(এক) মাসের মধ্যে অত্র ডিপার্টমেন্টে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উক্ত সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে।

আপনার বিশ্বস্ত,

(আরিফ আহমেদ) ০৫/২/২০১৯
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ মহসীন আলী সরকার)
উপ-মহাব্যবস্থাপক

Non Clarical Uniform Circuler Letter-2019